60

দৈনিক সংবাদ

তারিখ 25 JAN 1998
পৃষ্ঠা 2 কলাম ৩

### পররাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপ

# ছাত্রলীগ ক্যাডারদের শাবিপ্রবি ত্যাগ

(নিজস্ব বার্তা পরিবেশক)

সিলেট ঃ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)-এর অচলাবস্থার অবসান হয়েছে। পররাষ্ট্রমন্ত্রী আবদুদ সামাদ আজাদের নির্দেশে ছাত্রলীগ (শা-পা) কর্মীরা ক্যাম্পাস ত্যাগ করেছে। আজ সোমবার থেকে নিয়মিত প্রশাসনিক ও পাঠ্য কার্যক্রম শুরু হচ্ছে।

পররাষ্ট্রমন্ত্রী গতকাল রোববার রাতে সিলেট সার্কিট হাউজে সাংবাদিকদেরকে এ কথা জানান।

তিনি আরো জানান, গত শনিবার সকালে তার সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় অচলাবস্থা নিরসনে সমঝোতা হয়। এতে শাবিপ্রবি কর্তৃপক্ষ তাকে আশ্বস্ত করেন যে, সাজাপ্রাপ্ত ছাত্ররা তা মওকুফের জন্যে আবেদন জানালে সিন্ডিকেট বিষয়টি বিবেচনা করবে।

গত ২৩শে ডিসেম্বর সিন্ডিকেট নানা অপরাধে ছাত্রলীগের ১১ জন ও ছাত্রদলের ৬ জন নেতা-কর্মীর বিরুদ্ধে বহিষ্কারসহ বিভিন্ন মেয়াদের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করে।

এ বিষয়টি আঁচ করতে পেরে ছাত্রলীগ ১০ই ডিসেম্বর থেকে ধর্মঘটের ডাক দেয়। তালা ঝুলিয়ে দেয় প্রশাসনিক ভবন ও পিএবিএক্স-এ। ফলে মারাত্মক অচলাবস্থার সৃষ্টি হয়। এ পরিস্থিতিতে কর্তৃপক্ষ ২৪শে ডিসেম্বর শাবিপ্রবি অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করে ছাত্রছাত্রীদেরকে ওইদিনই হল ত্যাগের নির্দেশ দেন; কিন্তু ছাত্রলীগ কর্মীরা তা অমান্য করে ক্যাম্পাসে অবস্থানসহ সভা-সমাবেশ-মিছিল চালিয়ে যেতে থাকে।